



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-২৪৩


তারিখঃ ২৩/০৪/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় কর্মসূচি আকারে চলমান দমআক প্রকল্পের বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ খেলাপী রয়েছে। উক্ত উপজেলায় দমআককালীন হতে বর্তমান সময় পর্যন্ত প্রকল্পের যাবতীয় হিসাব নিকাশ এবং অনিয়মতান্ত্রিক বিতরণের জন্য বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে কিনা তা যাচাই করা প্রয়োজন। এছাড়া যশোরের মনিরামপুর উপজেলায় কর্মসূচি আকারে চলমান দমআক প্রকল্প তহবিল তসরুপের বিষয়টি তদন্ত করা প্রয়োজন। তাই বর্ণিত উপজেলা সমূহে দমআক প্রকল্পের যাবতীয় হিসাব ও চলমান কার্যক্রম সরেজমিনে তদন্ত করার জন্য জনাব মোহাম্মদ হাবিবুর রহমান হাবিব, সহকারী পরিচালক (উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি কে দায়িত্ব প্রদান করা হলোঃ

কমিটির কার্যপরিধি :

- ১। বাঘারপাড়া উপজেলায় দমআক প্রকল্পের বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ খেলাপীর কারণ উৎঘাটন এবং দমআককালীন হতে বর্তমান সময় পর্যন্ত প্রকল্পের যাবতীয় হিসাব নিকাশ যাচাই।
 - ২। মনিরামপুর উপজেলায় কর্মসূচি আকারে চলমান দমআক প্রকল্প তহবিলের যাবতীয় হিসাব নিকাশ যাচাই।
 - ৩। বর্ণিত উপজেলাসমূহে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রমসমূহ যাচাই ও সুপারিশ প্রণয়ন।
- ২। বর্ণিত কর্মকর্তাকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মোহাম্মদ হাবিবুর রহমান হাবিব, সহকারী পরিচালক (উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বাঘারপাড়া/মনিরামপুর জেলাঃ যশোর।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।